গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি

এবং

সচিব, পরিকল্পনা বিভাগ -এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

সূচিপত্র

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির কর্মসম্পাদনের সার্বিক চিত্র

প্রস্তাবনা

সেকশন ১ : জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২ : জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the National Academy for Planning and Development)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ-

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি পরিকল্পনা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি জাতীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান। পরিকল্পনা ও উন্নয়ন কর্মকান্ডের সাথে সংশ্লিষ্ট সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত কর্মকর্তাদের প্রশিক্ষণের মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি একাডেমির প্রধান কাজ। একাডেমি বিগত ০৩ (তিন) অর্থবছরে ২৮০টি প্রশিক্ষণ কোর্স ও কর্মশালার মাধ্যমে ৮,৭৮৮ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করেছে। উক্ত সময়ে ০৭ (সাত) টি মানসম্পন্ন গবেষণা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। একাডেমির বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক জার্ণাল এবং প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রকাশিত হয়েছে। প্রতিবছর "বোর্ড অব গভর্নরস"-এর সভা আয়োজন করেছে। বিভিন্ন বিষয়ে ০৬ টি কর্মশালা আয়োজন করেছে। গবেষণা নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

সীমিত ভৌত অবকাঠামো ও জনবলের স্বল্পতা ।

ভবিষ্যৎ পরিকল্পনা

পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমকে অধিকতর মানসম্পন্ন ও যুগোপযোগী করে তোলার মাধ্যমে কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি করা।

২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

(ক) একাডেমির কোর্সসমূহের বিষয়াবলী হালনাগাদকরণ ও নতুন কোর্স প্রবর্তন করা;

(খ) প্রতিটি কোর্সের সমাপনী প্রতিবেদন প্রকাশনা;

(গ) একাডেমির পাঠদানের মান উন্নতকরণ;

(ঘ) ই-লার্নিং প্ল্যাটফরম চালুকরণ;

(ঙ) গবেষণা কার্যক্রম সম্পন্ন করা;

(চ) বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক জার্ণাল প্রকাশনা;

(ছ) একাডেমির ওপেন টেন্ডারগুলো বাস্তবায়নে ই-প্রকিউরমেন্টের ধারাবাহিকতা বজায় রাখা;

উপক্রমনিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী-এর মহাপরিচালক

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব, পরিকল্পনা বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের ...জুন... মাসের ...২৮... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১:

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision):

২০২৫ সালের মধ্যে পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ে দেশের অন্যতম প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ।

১.২ অভিলক্ষ্য (Mission):

প্রশিক্ষণ, গবেষণা ও পরামর্শ প্রদানের মাধ্যমে পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ে দক্ষ ও নৈতিকভাবে সক্ষম জনবল সৃষ্টি।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ে একাডেমির সক্ষমতা বৃদ্ধিকরণ
২. প্রশিক্ষণের গুণগতমানে উন্নয়ন সাধন
৩. জাতীয় পরিকল্পনা প্রণয়নের সাথে জড়িত জনবলের পেশাগত দক্ষতা বৃদ্ধি

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions):

১. উন্নয়ন ও পরিকল্পনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান
২. বিসিএস (ইকনমিক) ক্যাডার কর্মকর্তাদের বিভাগীয় প্রশিক্ষণ আয়োজন
৩. অনুরোধের ভিত্তিতে বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য বিশেষায়িত প্রশিক্ষণের আয়োজন
৪. উন্নয়ন পরিকল্পনা এবং প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে মূল্যায়ন ও গবেষণার আয়োজন
৫. বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগকে উন্নয়ন ও পরিকল্পনা বিষয়ে পরামর্শ প্রদান
৬. কর্মশালা, সেমিনার, প্রকাশনা ও প্রশিক্ষণের মাধ্যমে পরিকল্পনা, উন্নয়ন অর্থনীতি, প্রকল্প ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে নিত্য নতুন জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের চর্চা অব্যাহত রাখা

সেকশন ২

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল সূচক	একক	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০১৬-১৭	প্রক্ষেপন		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
			২০১৪-১৫	২০১৫-১৬		২০১৭-১৮	২০১৮-১৯		
পরিকল্পনা ও উন্নয়নে জাতীয় সক্ষমতা বৃদ্ধি	প্রশিক্ষণার্থী সংখ্যা	জন	৩৭১৯জন	২২৪৫ জন*	২৪০০জন	২৪৫০ জন	২৫০০ জন	-	বার্ষিক প্রতিবেদন

* ৩০ এপ্রিল ২০১৬ পর্যন্ত।

সেকশন ৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন		লক্ষমাত্রা / নির্ণায়ক ২০১৬-১৭					প্রক্ষেপণ ২০১৭-১৮	প্রক্ষেপণ ২০১৮-১৯
						২০১৪-১৫	২০১৫-১৬	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির কৌশলগত উদ্দেশ্যসমূহ														
[১] পরিকল্পনা ও উন্নয়নে জাতীয় সক্ষমতা বৃদ্ধি	৪০	[১.১] নিয়মিতভাবে প্রশিক্ষণ কর্মসূচী আয়োজন	[১.১.২] প্রশিক্ষিত কর্মকর্তা	সংখ্যা	৪০	৩৭১৯	২২৪৫	২৪০০	২২০০	২০০০	১৮০০	১৫০০	২৪৫০	২৫০০
[২] এনএপিডির কর্মকান্ড প্রচার এবং উন্নয়ন	২০	[২.১] প্রশিক্ষণ উপযোগিতা এবং পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ক গবেষণা পরিচালনা	[২.১.১] গবেষণা কার্যক্রম বাস্তবায়িত	তারিখ	১২	২০ জুন ২০১৫	১৫ জুন ২০১৬	২৫ জুন ২০১৭	২৭ জুন ২০১৭	২৯ জুন ২০১৭	৩০ জুন ২০১৭	-	২০ জুন ২০১৮	১৫ জুন ২০১৯
		[২.২] সমসাময়িক উন্নয়ন বিষয়ক প্রকাশনা	[২.১.২] বার্ষিক জার্ণাল প্রকাশিত	তারিখ	৮	২০ জুন ২০১৫	১৫ জুন ২০১৬	৩০ জুন ২০১৭	-	-	-	-	২৫ জুন ২০১৮	২০ জুন ২০১৯
[৩]*** মানবসম্পদ ও ভৌতসুবিধা ব্যবস্থাপনা	২০	[৩.১] প্রশিক্ষণ সহায়ক সুবিধাদি প্রদান	[৩.১.১] নিরবচ্ছিন্ন প্রশিক্ষণ সুবিধা বাস্তবায়িত	%	৩	৭০	৯০.১৬	৮০	৭৫	৭০	৬৫	৬০	৮০	৮০
			[৩.১.২] পরিচ্ছন্নতা বাস্তবায়িত	%	৩	৭০	৯০.২১	৮০	৭৫	৭০	৬৫	৬০	৮০	৮০
			[৩.১.৩] সুষ্ঠু খাবার ব্যবস্থাপনা বাস্তবায়িত	%	৩	৭০	৯০.৪৭	৮০	৭৫	৭০	৬৫	৬০	৮০	৮০
			[৩.১.৪] লাইব্রেরি সুবিধা বাস্তবায়িত	%	৩	৮০	৮৬.১৭	৮০	৭৫	৭০	৬৫	৬০	৮০	৮০